

আচরণবিধি

PUMA মানবাধিকারের প্রতি প্রদ্বাশীল। এই প্রদ্বাশীল আমাদের কর্মসংশ্লিষ্ট সমাজ ও আমাদের সাপ্লাই চেইনের সর্বত্র অংশীদারদের সাথে আমাদের সম্পর্ক নির্ধারণ করে। PUMA পরিবেশের প্রতি প্রদ্বাশীল। আমরা আমাদের প্রতিষ্ঠান ও সাপ্লাই চেইন উভয়ের উপর পরিবেশের প্রভাব ও তৎসংক্রান্ত ব্যবস্থাপনা ও হ্রাসের বিষয়টি

চাকরি বিষয়ক সম্পর্ক

নিয়োগের ক্ষেত্রে বিক্রেতার ও তাদের সাবকন্ট্রাকটররা কর্মীদের স্বার্থ সংরক্ষণ করে এমন বিধি ও শর্তাবলী গ্রহণ করবেন ও মেনে চলবেন; আর নিয়োগের ক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক শ্রম ও সামাজিক নিরাপত্তা আইন ও নিয়মকানুনের আওতায় তাদের অধিকার রক্ষা করবেন।

কোনো শিশুশ্রমিক নিয়োগ নয়

বিক্রেতার ও তাদের সাবকন্ট্রাকটররা ১৫ বছর বয়স বা স্থানীয় আইনানুযায়ী ন্যূনতম বয়স অথবা বাধ্যতামূলক শিক্ষা সমাপ্তির বয়স - তিনটির মধ্যে সর্বোচ্চ যে বয়সসীমা তার নিচের কাউকে কর্মে নিয়োগ দিতে পারবেন না।

নিরাপদ কর্মপরিবেশ

বিক্রেতা ও তাদের সাবকন্ট্রাকটরদের সকল কর্মচারীর জন্য অবশ্যই একটি নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কর্মপরিবেশ নিশ্চিত করতে হবে। দুর্ঘটনারোধে বিক্রেতা ও তাদের সাবকন্ট্রাকটরদের অবশ্যই কর্মস্থলে সম্ভাব্য সকল পূর্ব-সতর্কতা অবলম্বন করতে হবে এবং তাদের সক্রিয়ভাবে উপযুক্ত পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়গুলি চর্চা করা উচিত।

সংগঠনের স্বাধীনতা ও সম্মিলিত দরকষাকষি

বিক্রেতা ও তাদের সাবকন্ট্রাকটরদের তাদের কর্মচারীদের ইউনিয়নে অথবা কাজ বা ইন্ডাস্ট্রির সাথে সংশ্লিষ্ট অন্য কোনো সংস্থায় যোগ দেয়ার এবং সম্মিলিত দরকষাকষি করার অধিকারের বিষয়টি নিশ্চিত করতে হবে। এই অধিকারগুলো কোনোরকম হস্তক্ষেপ বা প্রতিশোধের আশংকা ছাড়াই নিশ্চিত করতে হবে।

কোনো বৈষম্য নয়

বিক্রেতা ও তাদের সাবকন্ট্রাকটররা কোনো কর্মচারীর সাথে বৈষম্য করবেন না। ধর্ম, বয়স, লিঙ্গ, গর্ভাবস্থা, বৈবাহিক অবস্থা, প্রতিবন্ধকতা, জাতীয়তা, বর্ণ, জাতিগত উৎপত্তি, রাজনৈতিক মতাদর্শ বা যৌনপ্রবৃত্তি নির্বিশেষে কর্মচারীদের সাথে প্রদ্বাশীল ও সাম্যের সাথে আচরণ করা হবে।

নৈতিক ব্যবসায়িক নীতি

PUMA SE-এর সাপ্লাই চেইনে কিংবা নিজস্ব কর্মকাণ্ডে দুর্নীতি সহ্য করা হবে না।

রিপোর্ট করতে বদ্ধপরিকর। PUMA -এর আচরণবিধিতে এই দুই অঙ্গীকার সর্বসমক্ষে ও পরিষ্কারভাবে ব্যক্ত করা হয়েছে। আমাদের সকল কর্মচারী, বিক্রেতা ও তাদের সাবকন্ট্রাকটরদের এই আচরণবিধি সম্পূর্ণরূপে মেনে চলা প্রয়োজন। কোনো বিভেদ বা মতপার্থক্যের ক্ষেত্রে সর্বোচ্চ মান প্রযোজ্য হবে।

প্রদ্বাশীল ও মর্যাদা

PUMA সাপ্লাই চেইনে হয়রানি, শারীরিক শাস্তি এবং শারীরিক, যৌন, মানসিক কিংবা মৌখিক অবমাননা সহ্য করা হয় না। বিক্রেতা ও তাদের সাবকন্ট্রাকটররা কোনো প্রকারের জোরপূর্বক শ্রম, যেমন কয়েদি শ্রম, চুক্তিভিত্তিক শ্রম বা মুচলেকার অধীন শ্রম ব্যবহার করতে পারবেন না।

ন্যায্য মজুরী

একটি স্বাভাবিক সপ্তাহের মজুরী পাওয়া প্রত্যেক শ্রমিকের অধিকার, যা তার মৌলিক চাহিদাগুলো মেটানোর জন্য যথেষ্ট, একই সাথে তার মৌলিক খরচের (কর ও অন্যান্য) পরেও আনুসঙ্গিক খরচের জন্য উদ্বৃত্ত অর্থ প্রদান করে। নিয়োগকর্তারা নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম মজুরী বা প্রচলিত যথাযথ মজুরীর মধ্যে যেটি বেশী হয় সেটি দেবেন, মজুরী সংশ্লিষ্ট সকল আইনি প্রয়োজনীয়তা মেনে চলবেন এবং আইন বা চুক্তির আওতাভুক্ত অন্যান্য যেকোনো সুবিধা প্রদান করবেন। যখন মজুরী কর্মীদের মৌলিক চাহিদাগুলো মেটাতে এবং আনুসঙ্গিক খরচ মেটানোর পর উদ্বৃত্ত অর্থ প্রদানে ব্যর্থ হয়, সেক্ষেত্রে প্রত্যেক নিয়োগকর্তা উপযুক্ত পদক্ষেপ নেওয়ার জন্য তাদের সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে মিলে কাজ করবেন যার লক্ষ্য হবে ক্রমাগত মজুরীর একটি সন্তোষজনক মাত্রায় পৌঁছানো যা কর্মীদের চাহিদা মেটাতে সক্ষম হবে।

অতিরিক্ত কর্মঘণ্টা নয়

বিক্রেতা ও তাদের সাবকন্ট্রাকটরদের কর্মচারীদের স্বাভাবিক কার্যসপ্তাহের অতিরিক্ত এবং স্থানীয় শ্রম আইন অনুমোদিত সর্বোচ্চ সময়ের বেশী কাজ করাতে বাধ্য করা যাবে না। একটি স্বাভাবিক কার্যসপ্তাহে ৪৮ ঘণ্টা অতিক্রম করতে পারবে না এবং প্রত্যেক সাতদিন সময়কালের জন্য একদিন বন্ধ নিশ্চিত করতে হবে।

ব্যতিক্রমী পরিস্থিতি ব্যতীত এক সপ্তাহে স্বাভাবিক ও বাড়তি সময়ের সমষ্টি ৬০ ঘণ্টা অতিক্রম করতে পারবে না। অতিরিক্ত সময়ের কাজ ঐচ্ছিক হতে হবে এবং যার মজুরী উপরি হারে প্রদান করতে হবে এবং যা নিয়মিতভাবে চাওয়া যাবে না।

পরিবেশের প্রতি প্রদ্বাশীল

বিক্রেতা ও তাদের সাবকন্ট্রাকটরদের অবশ্যই স্থানীয় পরিবেশ রক্ষাকারী আইন বা আন্তর্জাতিক শিল্প মান যেটিই উচ্চতর হয় তাকে সম্মান করতে হবে। সকল বিক্রেতা ও তাদের সাবকন্ট্রাকটরকে অবশ্যই পরিবেশের উপর তাদের প্রভাব পরিমাপ করতে হবে ও তা ক্রমাগত হ্রাস করতে হবে।

অঞ্চল	টেলিফোন	ভাষা
দক্ষিণ-পূর্ব এশিয়া	+84 989385612 +628 11 227 2143	
দক্ষিণ এশিয়া	+880 1708469256	
পূর্ব এশিয়া	+86 13622884924	
আমেরিকা	+503 77871132	
ইউরোপ, মধ্যপ্রাচ্য ও আফ্রিকা	+49 15114743876 +90 532 483 6685	

সকল বিক্রেতা ও তাদের সাবকন্ট্রাকটরকে মেনে নিতে হবে যে তাদের ব্যবসায়িক কর্মকাণ্ড নিরীক্ষণাধীন। সকল সাবকন্ট্রাকটরকে অবশ্যই PUMA কর্তৃক অনুমোদিত হতে হবে এবং সাবকন্ট্রাকটররা যে এই আচরণবিধি মেনে চলছেন তা নিশ্চিত করা বিক্রেতাদের দায়িত্ব।

কোনো কোম্পানি এই আচরণবিধির লঙ্ঘন করলে তার সাথে ব্যবসায়িক কর্মকাণ্ড স্থগিত করার অধিকার PUMA SE সংরক্ষণ করে। অনুগ্রহপূর্বক এই আচরণবিধি ও এর বাস্তবায়ন সংক্রান্ত সকল অনুসন্ধান, অভিযোগ ও পরামর্শ sustain@puma.com বরাবর পাঠান অথবা আপনার স্থানীয় PUMA Sustainability টিমের সাথে যোগাযোগ করুন।